# AKASHVANI KOLKATA

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 14-09-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর ঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লীর ব্রিকস শীর্ষ সম্মেলন সফল করে তোলার জন্য সদস্য রাষ্ট্রগুলির নেতৃবৃন্দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

২) আজ হিন্দি দিবস। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, হিন্দি ভাষা অন্য কোনো ভাষার প্রতিদ্বন্দ্বী নয়, বরং এটি জাতীয় ঐক্যের গুরুত্বপূর্ণ সংযোগসূত্র।

৩) সরকার বলেছে, সেনাবাহিনীর অক্লান্ত প্রচেষ্টায় জম্মু কাশ্মীরের নিরাপত্তা পরিস্থিতি নিয়ন্ত্রণে এসেছে।

৪) ২০২০ সাল থেকে দেশের ৯ টি রাজ্যে ১৪৭ টি কয়লা খাদান নিলামের মাধ্যমে বন্টন করা হয়েছে বলে সরকার জানিয়েছে, ।

৫) দেশ জুড়ে যথোচিত ধর্মীয় মর্যাদায় গণেশ চতুর্থী উদ্‌যাপিত হচ্ছে। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী দেশবাসিকে শুভেচ্ছা জানিয়েছেন।

৬) জমির মালিকের অজান্তে ভুয়ো রেজিস্ট্রি রুখতে নতুন মোবাইল অ্যাপ চালু করছে পশ্চিমবঙ্গ সরকার।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লীর ব্রিকস শীর্ষ সম্মেলন সফল করে তোলার জন্য সদস্য রাষ্ট্রগুলির নেতৃবৃন্দের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী

সমাজমাধ্যমে একটি ভিডিও আপলোড করে গঠনমূলক আলাপ আলোচনা এবং সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহনের জন্য সন্তোষ ব্যক্ত করেছেন। এই ভিডিওতে প্রধানমন্ত্রীর বক্তব্য ছাড়াও বিভিন্ন দেশের সঙ্গে মৈত্রীর সম্পর্ক, অংশীদারীত্ব এবং সহযোগিতার বিষয়টি তুলে ধরা হয়েছে। এবারের এই শীর্ষ সম্মেলনে রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন, চীনের রাষ্ট্রপতি শি জিনপিং, ইরাণের রাষ্ট্রপতি মাসুদ পেজেস্কিয়ান সহ মোট **১১** টি দেশের রাষ্ট্রপ্রধানরা উপস্থিত ছিলেন। এছাড়াও **১০** টি অংশীদার রাষ্ট্রের প্রতিনিধি এবং গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সংগঠনও শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেছে। প্রধানমন্ত্রী বিভিন্ন দেশের সরকারপ্রধানদের সঙ্গে **১৫** টি দ্বিপাক্ষিক বৈঠক করেছেন।

এর আগে, প্রধানমন্ত্রী মোদী সম্মেলনের সমাপ্তি ভাষণে বলেন, বৈচিত্র্যই, ব্রিকসের প্রধান পরিচয় এবং পারস্পরিক সহযোগিতাই এর অনুপ্রেরণা। এই গোষ্ঠীর অগ্রগতি মানবতার কল্যাণে অবদান রাখবে। শ্রী মোদী আরও বলেন, ব্রিকস কেবল কয়েকটি দেশের জোট নয়, বরং আন্তর্জাতিক ক্ষেত্রে সমস্যা সমাধানের একটি কার্যকর কাঠামো বা 'ইকোসিস্টেম'।

(বাইট- মোদী)

oooooooooooooooooooooo

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, নতুন দিল্লীতে সফলভাবে ব্রিকস শীর্ষ সম্মেলন আয়োজনের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়েছেন। সোশ্যাল মিডিয়া পোষ্টে শ্রী সিং বলেছেন, ২০২৬ এর এই ব্রিকস শিখর সম্মেলন গুরুত্বপূর্ণ ছাপ রাখবে। এই সম্মেলন থেকে গৃহীত নতুন দিল্লী ঘোষনাপত্র, বিশ্বমঞ্চে ভারতের ক্রমবর্ধমান প্রভাবের ইঙ্গিতবাহী। তিনি বলেন, ব্রিকসের এই শীর্ষ সম্মেলনে ভারত দক্ষিনী বিশ্বের সমস্যাগুলিকে সংশ্লিষ্ট সকলের সামনে তুলে ধরেছে।

oooooooooooooooooooooo

নতুন দিল্লীতে অষ্টাদশ ব্রিকস শিখর সম্মেলনের সাফল্যের জন্য বিদেশমন্ত্রক সমস্ত কেন্দ্রীয় সরকারী দপ্তর এবং সংস্থাকে ধন্যবাদ জানিয়েছে। আগেই জানানো হয়েছে, গতকাল এই শিখর সম্মেলন শেষ হয়েছে। মন্ত্রক সূত্রে বলা হয়েছে, এই ধরনের আন্তর্জাতিক সম্মেলন সাফল্যের সঙ্গে আয়োজন করা একটি জটিল প্রক্রিয়া। সমগ্র সরকারী পরিকাঠামো রাজ্য সরকারগুলির সঙ্গে কেন্দ্রীয় সরকারের সুসমন্বিত উদ্যোগের ফলেই এই গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক শীর্ষ সম্মেলন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

oooooooooooooooooooooo

বিশ্ব স্বাস্থ্য সংগঠন WHO এর মহানির্দেশক টেড্রোস অ্যাঢ্যানাম ঘেব্রেইসুস, স্বাস্থ্যক্ষেত্রে বিশ্বব্যাপী সহযোগিতা, উদ্ভাবন, স্থিতিশীলতা এবং সুস্থায়ী অর্থ সংস্থানের আহ্বান জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোষ্টে ডঃ টেড্রোস বলেছেন, ব্রিকস নেতৃবৃন্দের শীর্ষ বৈঠকে যে চারটি মূল বিষয়বস্তু নিয়ে আলোচনা হয়েছে তাঁর সঙ্গে বিশ্ব স্বাস্থ্যের প্রত্যক্ষ যোগাযোগ রয়েছে। তিনি সংশ্লিষ্ট দেশগুলির কাছে প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা, রোগ সংক্রমণ সংক্রান্ত নজরদারী ও পূর্বাভাস এবং স্থানীয় পর্যায়ে প্রতিষেধক উৎপাদনের জন্য সচেষ্ট হওয়ারও আহ্বান জানান। স্বাস্থ্যক্ষেত্রে উদ্ভাবন প্রসঙ্গে তিনি বলেন, বিজ্ঞান, ডিজিটাল স্বাস্থ্য পরিষেবা এবং কৃত্রিম মেধার সুবিধা সমাজের সব শ্রেণীর কাছে পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া প্রয়োজন। এর বাইরে তিনি সীমান্তের বাইরে সহযোগিতা, বিশ্ব স্বাস্থ্য সংগঠনের অতিমারী সংক্রান্ত চুক্তি অনুসারে তথ্য বিনিময়ের কথাও বলেন।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, দেশের মূল শক্তি হলো ভারতে বহু ভাষার সমাহার । হিন্দি দিবস উপলক্ষ্যে এক ভিডিও বার্তায় তিনি বলেন, হিন্দি ভাষা অন্য কোনো ভাষার প্রতিদ্বন্দ্বী নয়, বরং একে জাতীয় ঐক্যের গুরুত্বপূর্ণ সংযোগসূত্র হিসাবে দেখা দরকার। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে হিন্দি সহ ভারতের অন্যান্য ভাষাগুলি প্রযুক্তিগত বিকাশের এক সোনালী অধ্যায়ে প্রবেশ করেছে বলে তিনি মন্তব্য করেন।

(বাইট- অমিত শাহ- হিন্দি দিবস)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশজুড়ে আজ ‘হিন্দি দিবস’ পালিত হচ্ছে। ১৯৪৯ সালের এই দিনেই গণপরিষদ দেবনাগরী লিপিতে লিখিত হিন্দিকে দেশের সরকারি কাজের ভাষা হিসেবে গ্রহণ করেছিল। বর্তমানে হিন্দি বিশ্বের অন্যতম বহুল প্রচলিত ভাষা এবং ৫২ কোটিরও বেশি মানুষের মাতৃভাষা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নভি মুম্বাইতে আয়োজিত ‘হিন্দি দিবস’ অনুষ্ঠান এবং ষষ্ঠ ‘সর্বভারতীয় রাজভাষা সম্মেলন’-এ যোগ দেবেন। দু’দিনব্যাপী এই সম্মেলনে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিস, উপমুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে এবং সুনেত্রা পাওয়ার সহ ভাষাবিদ, সাহিত্যিক, শিক্ষাবিদ, সাংসদ, ঊর্ধ্বতন সরকারি আধিকারিক এবং বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন। তাঁরা সরকারি ভাষা, জনগণের ভাষা ও সংযোগকারী ভাষা হিসেবে হিন্দির ক্রমবিবর্তন এবং অন্যান্য ভারতীয় ভাষার সঙ্গে এর সমন্বয়ের বিষয়ে আলোচনা করবেন। উদ্বোধনী অধিবেশনে অমিত শাহ ২০২৫-২৬ সালের ‘রাজভাষা গৌরব’ ও ‘রাজভাষা কীর্তি’ পুরস্কার প্রদান করবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেন, জন-যোগাযোগ, সুশাসন এবং জাতীয় সংহতি সুদৃঢ় করার ক্ষেত্রে হিন্দি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৯ সালের লোকসভা নির্বাচনের আগেই ২১টি এন ডি এ শাসিত রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধি চালু করা হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। গতকাল এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, ইতোমধ্যেই বেশ কয়েকটি রাজ্যে UCC চালু হয়েছে, শীঘ্রই বাকি রাজ্যগুলিতেও তা করা হবে।

(বাইট – অমিত শাহ)

উল্লেখ্য, রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধির খসড়া তৈরির জন্য একটি কমিটি গঠন করা হয়েছে।

শ্রী শাহ বলেন, সরকার ভারতীয় ন্যায় সংহিত কার্যকর করার মাধ্যমে দেশের ফৌজদারী বিচার ব্যবস্থাকে শক্তিশালী করেছে। বেশ কয়েকটি রাজ্যে মাত্র এক বছরের মধ্যেই অপরাধীদের দোষী সাব্যস্ত করার হার ৩০ শতাংশ বেড়েছে বলে তিনি জানান। এই ধরনের বিচার প্রক্রিয়া যাতে তিন বছরের মধ্যে শেষ করা যায় তা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গে  এবারের বিষয় *রাষ্ট্রীয় পুষ্টি মাস*। মেদিনীপুর সদর ব্লকের আয়ুর্বেদ চিকিৎসক ডাক্তার সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আগামীকাল রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooooooo

সরকার বলেছে, সেনাবাহিনীর অক্লান্ত প্রচেষ্টায় জম্মু কাশ্মীরের নিরাপত্তা পরিস্থিতি নিয়ন্ত্রণে এসেছে। প্রতিরক্ষা মন্ত্রকের সাম্প্রতিক বার্ষিক প্রতিবেদন, ২০২৫-২৬ এ এই তথ্য জানিয়ে বলা হয়েছে, বর্তমানে জম্মু কাশ্মীরে হিংসাত্মক ঘটনা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। কমেছে বিক্ষোভ প্রদর্শন। পাথর ছোঁড়ার মতো ঘটনা সম্পূর্ণ বন্ধ হয়েছে। এই প্রতিবেদনে আরো জানানো হয়েছে, অপারেশন সিন্দুরের পর নিয়ন্ত্রণ রেখা বরাবর পরিস্থিতির পরিবর্তন হয়েছে। তবে, পাকিস্তানের সঙ্গে সামরিক কার্যকলাপ সংক্রান্ত দু দেশের মহানির্দেশকদের মধ্যে গত বছরের আলোচনার পর পরিস্থিতি অনেকটাই স্থিতিশীল হয়েছে। ভারত চীন সীমান্তে ঘটনাক্রম প্রসঙ্গে এই প্রতিবেদনে জানানো হয়েছে, দেশের উত্তর সীমান্তের বিপরীতে চীনের সেনা মোতায়েন করার ঘটনা উল্লেখযোগ্যভাবে কমেছে। ভারত এবং চীনের মধ্যে রাজনৈতিক, কূটনৈতিক এবং সামরিক পর্যায়ে সদর্থক আলোচনার ফলে দেশের উত্তর সীমান্তে এই স্থিতিশীলতা এসেছে।

oooooooooooooooooooooo

সরকার জানিয়েছে, ২০২০ সাল থেকে দেশের ৯ টি রাজ্যে ১৪৭ টি কয়লা খাদান নিলামের মাধ্যমে বন্টন করা হয়েছে। এর ফলে সরকারের৪৭ হাজার ৫শো

কোটি টাকা করে বার্ষিক রাজস্ব আয় হবে। এ ছাড়াও ৪ লক্ষ ৯০ হাজার মানুষের কর্মসংস্থান হবে। কয়লা মন্ত্রক সূত্রে জানানো হয়েছে, গত অর্থবর্ষে ইতিমধ্যেই বন্টিত বাণিজ্যিক কয়লা খাদানগুলি থেকে ৩ হাজার ৯০ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে। সম্পূর্ণ স্বচ্ছতা বজায় রেখে কয়লা খাদান বন্টনের জন্য নিলাম প্রক্রিয়া চালানো হচ্ছে। এই প্রক্রিয়ায় নিলামে অংশগ্রহনের জন্য দুইটি পর্যায়ে অনলাইনে কাজ হচ্ছে।

oooooooooooooooooooooo

বাংলাদেশ ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক ভিত্তিতে নতুন সম্পর্কের দিকে এগিয়ে যেতে আগ্রহী। সেদেশের বিদেশ প্রতিমন্ত্রী হুমায়ুন কবীর আজ ঢাকায় সাংবাদিকদের বলেন, বহুপাক্ষিক মঞ্চে আলোচনার চেয়ে বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্কের ওপরেই জোর দিতে চায়। তিনি বলেন, ভারতের সঙ্গে সম্পর্কে অতিরিক্ত মগ্নতা থেকে সরে এসে, বাংলাদেশ দুদেশের মধ্যে পারস্পরিক স্বার্থের ভিত্তিতে কাজ করতে চায়। তবে বাংলাদেশ তাদের প্রয়োজনে যে কোন আঞ্চলিক এবং আন্তর্জাতিক মঞ্চে অন্যান্য দেশের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলবে।

ভারত - বাংলাদেশ সীমান্তে সাম্প্রতিক ঘটনাবলী প্রসঙ্গে শ্রী কবীর বলেন, নতুন দিল্লীর সঙ্গে কূটনৈতিক আলোচনার ভিত্তিতে তাঁরা এই সমস্যার সমাধান করতে চায়। তবে, এই আলোচনার ক্ষেত্রে আন্তর্জাতিক আইন, দু দেশের মধ্যেকার সীমান্ত সংক্রান্ত প্রটোকল এবং দ্বিপাক্ষিক চুক্তি মেনে চলা হবে। দু দেশের মধ্যে শতাধিক স্মারক সমঝোতা পর্যালচনা প্রসঙ্গে বিদশ প্রতিমন্ত্রী জানান, সংসদীয় আলাপ আলোচনার মধ্যে দিয়ে ভারতের সঙ্গে এসব চুক্তিগুলি বিশ্লেষণ করা হবে।

oooooooooooooooooooooo

পাকিস্তানের দক্ষিণ-পশ্চিম বালুচিস্তান প্রদেশে কয়লা খনিতে গ্যাস বিস্ফোরণের ঘটনায় চারজন খনি শ্রমিক নিহত এবং পাঁচজন আহত হয়েছেন। গতকাল এই ঘটনা ঘটেছে বলে জানা গেছে। বালুচিস্তানের হারনাই জেলার এই কয়লাখনির ভেতরে বিষাক্ত গ্যাস জমে এই বিস্ফোরণ ঘটে বলে জানা গেছে।

oooooooooooooooooooooo

ওমান উপকূলের কাছে গতকাল বাণিজ্যিক জাহাজ 'এমটি এল গায়া'-র ওপর হামলার ভারত নিন্দা করেছে। ওমানে অবস্থিত ভারতীয় দূতাবাস এক বিবৃতিতে জানিয়েছে, এখনও পর্যন্ত ১৩ জন ভারতীয় নাবিককে উদ্ধার করা হয়েছে নিখোঁজ এক ভারতীয় নাগরিকের সন্ধানে উদ্ধারকাজ চলছে।

উত্তেজনা প্রশমন এবং এই অঞ্চলে শান্তি পুনরুদ্ধারের লক্ষে ভারত ফের আলোচনা ও কূটনীতির ওপর জোর দিয়েছে। বাণিজ্যিক জাহাজ, নাবিক, অসামরিক নাগরিক এবং অসামরিক পরিকাঠামোয় আক্রমণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয় বলে ভারত পুনর্ব্যক্ত করেছে।
পাশাপাশি, দূতাবাস এই অঞ্চলের আন্তর্জাতিক জলপথে অবাধ ও নিরাপদ নৌ-চলাচল এবং বাণিজ্যের স্বাভাবিক গতি দ্রুত পুনরুদ্ধারের আহ্বান জানিয়েছে।

oooooooooooooooooooooo

দেশজুড়ে আজ যথাযথ ধর্মীয় মর্যাদায় গণেশ চতুর্থী উদযাপিত হচ্ছে। এই দিনটি, জ্ঞান, সমৃদ্ধি ও সৌভাগ্যের প্রতীক, ভগবান গণেশের জন্মতিথি হিসেবে পালিত হয়। এই দিন থেকে দশ দিনব্যাপী উৎসবের সূচনা হয়।

বারোয়ারি পুজোর পাশাপাশি অনেক গৃহস্থের বাড়িতেও সিদ্ধিদাতা গণেশ পুজোর আয়োজন করা হয়। গণেশ পূজো উপলক্ষ্যে মণ্ডপগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, ভগবান গণেশ জ্ঞান, সমৃদ্ধি এবং শুভ সূচনার প্রতীক। ভগবান গণেশ সকলের জীবনে সুখ, শান্তি, সুস্বাস্থ্য ও সমৃদ্ধি বয়ে আনেন বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন।

oooooooooooooooooooooo

জমির মালিকের অজান্তে ভুয়ো রেজিস্ট্রি রুখতে নতুন প্রযুক্তিনির্ভর ব্যবস্থা আনছে পশ্চিমবঙ্গ সরকার। স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন দফতর 'আপনি' নামে একটি মোবাইল অ্যাপ চালু করতে চলেছে, যার মাধ্যমে রেজিস্ট্রি অফিসেই ক্রেতা ও বিক্রেতার পরিচয় ডিজিটালভাবে যাচাই করা হবে। পরীক্ষামূলকভাবে আগামী সপ্তাহে কলকাতার বিধাননগরে পরিষেবা চালু হচ্ছে। দু'সপ্তাহের ট্রায়ালের পর দুর্গাপুজোর আগেই রাজ্যজুড়ে তা চালুর পরিকল্পনা রয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo